

## UI দাবি সংক্রান্ত সমস্যা এড়ানো বেকারত্ব বীমার (UI) সুবিধা সংক্রান্ত পেমেন্ট সঠিক সময়ে যথাযথভাবে পাওয়া কীভাবে নিশ্চিত করবেন

### সং থাকুন

UI সুবিধা সংক্রান্ত দাবিতে ইচ্ছাকৃতভাবে ভুল, বিভ্রান্তিকর তথ্য প্রদান করা বা সঠিক তথ্য না দেওয়াটা জালিয়াতি বলে বিবেচিত হয়, যেটা আইনগতভাবে শাস্তিযোগ্য অপরাধ। UI সুবিধা সংক্রান্ত দাবি করার সময় প্রদত্ত সমস্ত তথ্য সঠিক দিয়েছেন কি না, সেটা দুবার পরীক্ষা করে নেন।

#### ✓ কাজ সন্ধানকারী হিসাবে নথিভুক্ত হোন

UI সংক্রান্ত সুযোগসুবিধা পেতে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (NYSDOL – নিউ ইয়র্কের শ্রম দপ্তর)–এ আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন করার সবচেয়ে সহজ পদ্ধতি এটি [unemployment.labor.ny.gov](http://unemployment.labor.ny.gov)। প্রতিটি দাবিই স্বতন্ত্র এবং যোগ্যতা নির্ধারণের জন্য NYSDOL সেগুলির মূল্যায়ন করবে। এই সময়কালে NYSDOL কাজ অনুসন্ধানের পরিশেবা প্রদান করবে, যাতে আপনি যত তাড়াতাড়ি সম্ভব কাজে নিযুক্ত হতে পারেন।

#### ✓ সক্রিয়ভাবে কাজ অনুসন্ধান করা

সুবিধার দাবি দায়ের করার প্রতিটি সপ্তাহে, আপনাকে অন্তত তিনটি করে কাজ অনুসন্ধানের চেষ্টা চালাতেই হবে। আপনি কাজ অনুসন্ধানের যে চেষ্টা করছেন, সেটার রেকর্ড রাখতে ভুলবেন না কারণ যেকোনো সময় আপনার দাবি বেছে নিয়ে তা নিরীক্ষণ করা হতে পারে।

#### ✓ উপযুক্ত কাজ প্রত্যাখ্যান করবেন না

উপযুক্ত কাজের সুযোগ প্রত্যাখ্যান করার ফলে আপনার সুবিধা পেমেন্ট পেতে দেরি হতে পারে বা তা সম্পূর্ণ প্রত্যাখ্যাত হতে পারে।

#### ✓ যাবতীয় কাজের রিপোর্ট করুন

UI সুবিধা দায়ের করার সময় প্রত্যেক সপ্তাহে আপনি কত সময় কাজ করেছেন সেটা আপনাকে অবশ্যই জানাতে হবে, এর মধ্যে আংশিক বা অস্থায়ী কাজও অন্তর্ভুক্ত রয়েছে।

#### ✓ প্রদত্ত তথ্য পড়ুন

UI সুবিধা দায়ের করার সময় আপনাকেই নিউ ইয়র্কের UI সংক্রান্ত সমস্ত নিয়ম জেনে রাখতে হবে এবং অনুশীলন করতে হবে। ওভারপেমেন্ট সংক্রান্ত ত্রুটি এড়ানোর জন্য আপনাকে অবশ্যই আপনাকে দেওয়া সমস্ত মেট্রিয়াল মনোযোগ সহকারে পড়ে নিতে হবে এবং অনুরোধে প্রতিক্রিয়া জানাতে হবে।



UI দাবিদারদের সুবিধা প্রক্রিয়া নির্দেশিকা দেখুন

আপনার দাবি সংক্রান্ত যেকোনো অতিরিক্ত প্রশ্নের জন্য আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন [dol.ny.gov/unemployment](http://dol.ny.gov/unemployment)